দৈনিক ইত্তেফাক

তারিখ 05 AUG 1995
পৃষ্ঠা 2 কলাম 6

১৪

## পরীক্ষক হইতে হইলে কি প্রয়োজন?

পাকিস্তান আমলে জানিতাম শিক্ষকতায় দশ বছরের অভিজ্ঞতা না হইলে এসএসসি পরীক্ষার পরীক্ষক হওয়া যায় না। এই নিয়ম কি প্রচলিত আছে, না তুলিয়া দেওয়া হইয়াছে? এখন নাকি কোন শিক্ষকের দুই বছরের অভিজ্ঞতা থাকিলেই কর্তৃপক্ষ তাহাকে পরীক্ষা করার জন্য এসএসসি পরীক্ষার খাতা প্রদান করেন। তবে আমার ক্ষেত্রে ব্যতিক্রম কেন? ২১ বছরের অভিজ্ঞতা থাকা সত্ত্বেও এবং উপর্যুপরি দরখাস্ত করিয়াও আমি কেন পরীক্ষক হইতে পারি না। কর্তৃপক্ষ বলিবেন কি কোন্ ক্ষমতার বলে দুই বছরের অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষক ২১ বছরের অভিজ্ঞতাকে হার মানাইয়া এসএসসি পরীক্ষার পরীক্ষক নিযুক্ত হন।

—নিখিল কুমার সাহা, সিনিয়র শিক্ষক, চাঁদপুর (৩য়) উচ্চবিদ্যালয়, নাটোর, রাজশাহী।